দৈনিক ইত্তেফাক ।।২

তারিখ ... APR 2 1 1999
পৃঃ ৭৭ কলাম ৪

## ইসলামিক সোসিও-ইকনোমিক ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ইসডো) মাদারীপুর

সম্প্রতি মাদারীপুর স্থানীয় এম, এম হাফিজ মেমোরিয়াল পাবলিক লাইব্রেরী হলে আনুষ্ঠানিকভাবে অনুষ্ঠানে মাদারীপুর সদর থানার ১৪টি শিক্ষা প্রতিষ্ঠানের ১৪ জন মেধাবী ও গরীব ছাত্রকে ১ বৎসরের জন্য এক হাজার টাকা করিয়া বৃত্তি প্রদান করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংস্থার জেলা শাখার সভাপতি ও নির্বাহী পরিষদের ভাইস চেয়ারম্যান ঢাকার ইসলামপুরের বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজসেবী কাজী হারুন আর রশিদ।

সভায় প্রধান অতিথি ছিলেন মাদারীপুরের অতিঃ জেলা প্রশাসক (সার্বিক) মোঃ সাঈদুল হক ভুইয়া এবং বিশেষ অতিথি ছিলেন ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ-এর পরিচালক ইঞ্জিনিয়ার ইসকান্দার আলী খান। সভায় স্বাগত ভাষণ দেন ইসডোর জেলা শাখার সহসভাপতি ও মাদারীপুর লেখক গোষ্টির সদস্য সচিব অধ্যাপক আবদুল মতিন খান। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন ইসডোর পরিচালক ডাঃ ফরিদউদ্দিন আহম্মেদ, শিক্ষাবিদ মোবারক আলী হাওলাদার, আবদল আজিজ, মওলানা আবদুল কাদের প্রমুখ।